

বিজিএ/কাস/২০২৪/১৯৯

তারিখ : ২৩/১১/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয় : Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের বিভিন্ন মডিউলের উপর জুম প্ল্যাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র : (ক) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০ তারিখ : ২১/১১/২০২৪।
(খ) বিজিএমইএ'র জারীকৃত সার্কুলার নং- বিজিএ/কাস/২০২৪/১৯২ তারিখ : ১১/১১/২০২৪।

আপনারা জানেন, বন্ড সংক্রান্ত কার্যক্রম অনলাইনের মাধ্যমে সম্পাদনের নিমিত্তে Customs Bond Management System সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড ও বন্ড কমিশনারেট হতে CBMS সফটওয়্যারে On Board হয়ে সেবা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

জাতীয় রাজস্ব বোর্ড হতে CBMS সফটওয়্যারের বিভিন্ন মডিউলের উপর বিজিএমইএ'র সদস্য প্রতিষ্ঠানের প্রতিনিধিগণকে জুম প্ল্যাটফর্মের মাধ্যমে আগামী ২৭/১১/২০২৪ইং তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য যে, উক্ত প্রশিক্ষণে অগ্রাধিকার ভিত্তিতে ১৫০ সদস্য প্রতিষ্ঠানের প্রতিনিধি অংশগ্রহণ করতে পারবে। তবে যে সকল সদস্য প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ সূত্র "খ" সার্কুলারের ভিত্তিতে গত ১৯/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণ করেছিলেন তাদের আগামী ২৭/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। প্রশিক্ষণের অন্যান্য তথ্য সংযুক্ত পত্রে উল্লেখ রয়েছে।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ড হতে এ বিষয়ে জারীকৃত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

বাংলাদেশ তৈরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ই-মেইল: bmap@nhr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩১
২১ নভেম্বর ২০২৪

বিষয়: বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের বিভিন্ন মডিউলের উপর (বিজিএমইএ) এর সদস্য প্রতিষ্ঠান প্রতিনিধিগণকে জুম প্র্যাটফর্মে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আপনার এসোসিয়েশন/ এসোসিয়েশন সংশ্লিষ্ট প্রতিনিধিগণের এর সাথে আলোচনা মোতাবেক বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের বিভিন্ন মডিউলের উপর আপনার এসোসিয়েশন এর সদস্য প্রতিষ্ঠান প্রতিনিধিগণকে জুম প্র্যাটফর্মে একটি প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। সে মোতাবেক আগামী ২৭/১১/২০২৪ খ্রি. তারিখ বুধবার সকাল ১০:০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত জুম প্র্যাটফর্মে প্রশিক্ষণটি অনুষ্ঠিত হবে।

২। এর প্রেক্ষিতে আপনার এসোসিয়েশন কর্তৃক মনোনীত ১৫০ সদস্য প্রতিষ্ঠান প্রতিনিধিগণকে নিম্নে উল্লেখিত মিটিং আইডি ও পাসকোড ব্যবহার করে জুম প্র্যাটফর্মের মাধ্যমে সভায় সংযুক্ত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

মিটিং আইডি : ৯৮৭ ৭৬৮৭ ৭৯৭৬
পাসকোড : ২০২৪
সময় : সকাল ১০:০০ টা- বিকাল ০৪.০০ টা


কামনাশীষ

অতিরিক্ত-প্রকল্প পরিচালক
প্রকল্প পরিচালকের পক্ষে

ই-মেইল: kshish29@gmail.com

প্রাপক
মহাসচিব
বাংলাদেশ পোশাক প্রযুক্তিকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ)


নথি নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০

o/c

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪৩১
২১ নভেম্বর ২০২৪

সদয় অবশিষ্ট ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (শুক: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। প্রথম সচিব (শুক: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প।
- ৪। সিস্টেম এনালিস্ট, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৫। সফল সহকারী প্রোগ্রামার, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। ব্যবস্থাপনা পরিচালক, রিড সিস্টেমস লি., রিড সেন্টার, প্লট-৯৪, পূর্বাচল এক্সপ্রেস হাইওয়ে, ডুমনি, খিলক্ষেত, ঢাকা-১২১৯।
- ICBMS সফটওয়্যার ডেভেলপমেন্ট টিমের প্রতিনিধিগণের প্রয়োজনীয় প্রস্তুতিসহ প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিতকরণের অনুরোধসহ।
- ৮। অফিস কপি।


কামনাশীষ

অতিরিক্ত-প্রকল্প পরিচালক